দৈনিক ইনকিলাব

তারিখ 04 SEP 1993
পৃষ্ঠা ... ৫ ... কলাম ... ৫ ...

145

## বিদেশে লেখাপড়ার প্রবণতা ঠেকাও

গত শুক্রবার একটি জাতীয় দৈনিক পত্রিকায় প্রকাশিত বিদেশে লেখাপড়ার প্রবণতা বিষয়ক সম্পাদকীয় লেখাটির প্রতি আমার দৃষ্টি আকৃষ্ট হয়েছে। আমাদের দেশ হতে মেধাবী স্টার মার্কের এসএসসি ও এইচএসসি পাসের ছাত্ররা বিদেশে লেখাপড়ার উদ্দেশ্যে চলে যাচ্ছে। এক সমীক্ষায় বলা হয়েছে, প্রায় লক্ষাধিক ছাত্র বিদেশে লেখাপড়া করছে এবং এই সংখ্যা ক্রমেই বৃদ্ধি পাচ্ছে। এর সাথে জড়িত হচ্ছে বিপুল অংকের টাকা বিদেশে পাচার। লেখাপড়ার জন্য বিদেশে বিপুল সংখ্যক ছাত্র যাওয়ার কারণগুলোর মধ্যে শিক্ষাঙ্গনে শিক্ষার মান নিম্নমুখী, সেশন জট, সন্ত্রাস ও হট্টগোল লেগেই রয়েছে। বর্তমানে স্কুল পর্যায়ে এই সব হট্টগোল বৃদ্ধি পাচ্ছে। বিদেশে শিক্ষা গ্রহণের সাথে সাথে অনেক ছাত্র অপসংস্কারের শিকার হয়ে দেশে ফিরছে। ত্বড়িত গতিতে আমাদের শিক্ষাঙ্গন হতে দলীয় রাজনৈতিক কর্মকাণ্ড সম্পূর্ণ বন্ধ করতে না পারলে দেশ ও জাতি রসাতলে যাবে এতে কোন সন্দেহ নেই।

অতএব, সকল রাজনৈতিক দল, বুদ্ধিজীবী, দেশপ্রেমিক অভিভাবকদেরকে এগিয়ে আসতে হবে। শিক্ষার সুস্থ পরিবেশ ফিরিয়ে এনে বিদেশে লেখাপড়ার প্রবণতা ঠেকাতে হবে। —সিবিএম কামাল

সভাপতি,
জাতীয় অধূমপায়ী ফোরাম,
৭১, খিলগাঁও, হাজীপাড়া,
ঢাকা-১২১৯।